রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, আগস্ট ২৫, ২০২১**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**

**কল্যাণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৭ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ/ ২২ আগস্ট, ২০২১ খ্রিস্টাব্দ

## বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (বৈদেশিক কর্মসংস্থান) নির্বাচন নীতিমালা, ২০২১

**নং ৪৯.০০.০০০০.০২৪.০৭.০০১.১৯-৮০৭**—যেহেতু, বাংলাদেশের বৈদেশিক মুদ্রা রিজার্ভের একটি উল্লেখযোগ্য অংশ বৈদেশিক কর্মসংস্থানের মাধ্যমে অর্জিত হয় এবং বৈদেশিক কর্মসংস্থানের ক্ষেত্রে রিক্রুটিং এজেন্টগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন; এবং

যেহেতু, বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (রিক্রুটিং এজেন্ট শ্রেণি বিভাগ) বিধিমালা, ২০২০ এর বিধি ৮ এর উপবিধি (২) অনুযায়ী রিক্রুটিং এজেন্টগণের নিরাপদ, নিয়মিত, মানসম্পন্ন ও দায়িত্বশীল অভিবাসন কার্যক্রমের জন্য সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্টকে স্বীকৃতি ও প্রণোদনা প্রদানের বিধান রহিয়াছে এবং

যেহেতু, দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ সরকার প্রতি বৎসর রিক্রুটিং এজেন্টগণের মধ্য হইতে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (বৈদেশিক কর্মসংস্থান) নির্বাচনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;



**মূল্য :** টাকা ৮.০০

সেহেতু, উক্ত উদ্দেশ্য পূরণকল্পে সরকার এতদ্‌দ্বারা নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করিল, যথা :—

**১। শিরোনাম।**—এই নীতিমালা বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (বৈদেশিক কর্মসংস্থান) নির্বাচন নীতিমালা, ২০২১, অতঃপর সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান), বলিয়া অভিহিত হইবে।

**২। সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) এর সংখ্যা।**—প্রতি ক্যালেন্ডার বৎসরে মোট ২০ (বিশ) জন যোগ্য রিক্রুটিং এজেন্টকে সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) হিসেবে নির্বাচন করা হইবে। যার মধ্যে ৩(তিন) জন সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) নারী উদ্যোক্তাদের জন্য সংরক্ষিত থাকিবে এবং বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা)'র নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদক পদাধিকার বলে সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) নির্বাচিত হইবেন।

**৩। সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) এর মেয়াদ।**—সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) নির্বাচনের জন্য আবেদনের বছরের পূর্ববর্তী দুই বৎসরে (ক্যালেন্ডার বৎসর) আবেদনকারী রিক্রুটিং এজেন্টের কার্যক্রম মূল্যায়ন করা হইবে।

**৪। সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) নির্বাচনের যোগ্যতা।**—সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) নির্বাচনের ক্ষেত্রে আবেদনকারী রিক্রুটিং এজেন্টের নিম্নবর্ণিত নির্ণায়কসমূহ বিবেচনা করা হইবে, যথাঃ—

(১) স্বত্বাধিকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী এবং প্রাইভেট লিমিটেড কোম্পানির ক্ষেত্রে উক্ত কোম্পানির পরিচালনা পরিষদ কর্তৃক অনুমোদিত চেয়ারম্যান বা ব্যবস্থাপনা পরিচালক সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) হওয়ার জন্য আবেদন করিবেন;

(২) আবেদনকারী রিক্রুটিং এজেন্টকে—

(অ) সংশ্লিষ্ট মেয়াদে ন্যূনতম ২,০০০ (দুই হাজার) জন কর্মীর (নারী ও পুরুষ) বৈদেশিক কর্মসংস্থানের ব্যবস্থা করিতে হইবে;

(আ) ন্যূনতম ১০০ জন কর্মীকে ডিমান্ড লেটারের মাধ্যমে বিদেশ প্রেরণ করিতে হইবে;

(ই) ন্যূনতম ৩০০ জন বিদেশ গমনেচ্ছু কর্মীকে প্রশিক্ষণ প্রদান করিতে হইবে;

(ঈ) আবেদনকারী আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত নন এবং বৈদেশিক কর্মসংস্থান সংক্রান্ত কোনো অভিযোগে অভিযুক্ত নন এই মর্মে হলফনামা প্রদান করিতে হইবে।

**৫। সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) নির্বাচনের অযোগ্যতা**—নিম্নবর্ণিত যে কোনো এক বা একাধিক কারণে কোনো ব্যক্তি সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) হিসাবে নির্বাচিত হইবার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যথাঃ—

(১) আবেদনকারী রিক্রুটিং এজেন্টের লাইসেন্স হালনাগাদ নবায়িত না থাকিলে অথবা উক্ত লাইসেন্স স্থগিত করা হইলে;

(২) বৈদেশিক নিয়োগকর্তার সঙ্গে আবেদনকারী রিক্রুটিং এজেন্টের বাণিজ্য বিরোধ থাকিলে এবং আবেদনকারী উক্ত বিরোধ সমাধানে আগ্রহী না হইলে বা দীর্ঘসূত্রীতার পন্থা অবলম্বন করিলে;

(৩) আবেদনকারী আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হইলে এবং সাজা ভোগ করিবার পর পাঁচ বৎসর সময় অতিবাহিত না হইলে কিংবা অন্য কোনো কারণে অবাঞ্ছিত ব্যক্তি হিসাবে বিবেচিত হইলে;

(৪) আবেদনকারী ঋণখেলাপী হইলে;

(৫) আবেদনকারীর বাংলাদেশে Tin/E-Tin না থাকিলে;

(৬) আবেদনকারী করখেলাপী হইলে;

(৭) আবেদনকারী ভুল তথ্য প্রদান করিলে এবং যদি উক্ত ভুল প্রমাণিত হয় তাহা হইলে কোনো ব্যক্তি সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) হিসাবে নির্বাচিত হইয়া থাকিলেও তাহা বাতিল বলিয়া গণ্য হইবে। ইহা ছাড়াও তিনি ভবিষ্যতে সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) হিসাবে নির্বাচিত হইবার জন্য আবেদন করিতে পারিবেন না।

**৬। সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) নির্বাচনের বিজ্ঞাপন প্রকাশ।**—(১) বাংলাদেশের বহুল প্রচারিত কমপক্ষে ০২টি জাতীয় দৈনিক (০১টি বাংলা ও ০১টি ইংরেজি) পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের মাধ্যমে সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) নির্বাচনের জন্য আবেদনপত্র আহবান করিতে হইবে।

(২) উক্ত বিজ্ঞাপন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এবং বায়রা'র ওয়েব সাইটে প্রচার করিতে হইবে।

**৭। সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) নির্বাচিত হইবার জন্য আবেদন।**—সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) নির্বাচিত হইবার জন্য—

(১) বিজ্ঞাপনে উল্লিখিত নির্ধারিত তারিখের মধ্যে আগ্রহী আবেদনকারীগণকে নির্ধারিত ফরমে (প্রমাণকসহ) সরাসরি বা অনলাইনে (প্রযোজ্য ক্ষেত্রে) আবেদন দাখিল করিতে হইবে।

**৮। সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) নির্বাচনের প্রক্রিয়া।—(১)** প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ০২ (দুই)টি কমিটির মাধ্যমে সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করিবেঃ

**(ক) প্রাথমিক বাছাই কমিটিঃ**

| ক্রঃ নং | কর্মকর্তার পদবি ও কর্মস্থল | কমিটির পদ |
|---|---|---|
| ০১ | অতিরিক্ত সচিব / যুগ্মসচিব (কর্মসংস্থান অনুবিভাগ), প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | আহ্বায়ক |
| ০২ | যুগ্মসচিব /উপসচিব/সিনিয়র সহকারী সচিব (মনিটরিং/এনফোর্সমেন্ট) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ০৩ | যুগ্মসচিব /উপসচিব/সিনিয়র সহকারী সচিব (কর্মসংস্থান) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ০৪ | যুগ্মসচিব /উপসচিব/সিনিয়র সহকারী সচিব (আইন) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ০৫ | জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এর উপ-পরিচালক পদমর্যাদার প্রতিনিধি | সদস্য |
| ০৬ | বাংলাদেশ এসোসিয়েশন অব্ ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিস (বায়রা)এর প্রতিনিধি | সদস্য |
| ০৭ | উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (কর্মসংস্থান) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য সচিব |

**কার্য-পরিধিঃ-১**) প্রাথমিক বাছাই কমিটি প্রাপ্ত আবেদনপত্রসমূহ পরীক্ষা-নিরীক্ষাপূর্বক তালিকা প্রস্তুত করিবে।

২) উক্তরূপ তালিকা প্রস্তুতের পর প্রাথমিকভাবে বাছাইকৃত তালিকাভুক্ত আবেদনকারী সম্পর্কে অনাপত্তি/মতামতের জন্য জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড এবং ঋণ খেলাপী সংক্রান্ত অভিযোগ সম্পকির্ত তথ্যের জন্য বাংলাদেশ ব্যাংকে এবং আবেদনকারী রিক্রুটিং এজেন্টগণের বাৎসরিক পার্ফরমেন্স এর বিষয়ে অনাপত্তি/মতামতের জন্য বিএমইটি, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের কর্মসংস্থান অনুবিভাগ এবং মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগে প্রেরণ করিবে।

৩) সংশ্লিষ্ট দপ্তরসমূহ হতে প্রাপ্ত মতামত/অনাপত্তির বিষয়সমূহ তালিকায় অন্তর্ভুক্ত করিবে।

**(খ) চূড়ান্ত বাছাই কমিটিঃ—**

| ক্রঃ নং | কর্মকর্তার পদবি ও কর্মস্থল | কমিটির পদ |
|---|---|---|
| ০১ | সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | আহ্বায়ক |
| ০২ | অতিরিক্ত সচিব / যুগ্মসচিব (কর্মসংস্থান অনুবিভাগ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ০৩ | অতিরিক্ত সচিব / যুগ্মসচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ০৪ | মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো | সদস্য |
| ০৫ | পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক পদমর্যদার একজন কর্মকর্তা | সদস্য |
| ০৬ | জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা | সদস্য |
| ০৭ | বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা | সদস্য |
| ০৮ | বাংলাদেশ ব্যাংক এর জিএম পদমর্যাদার একজন কর্মকর্তা | সদস্য |
| ০৯ | জাতীয় রাজস্ব বোর্ড এর কমিশনার পদমর্যাদার একজন কর্মকর্তা | সদস্য |
| ১০ | বাংলাদেশ এসোসিয়েশন অব্ ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিস (বায়রা)এর প্রতিনিধি | সদস্য |
| ১১ | উপসচিব (কর্মসংস্থান), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য-সচিব |

**কার্য-পরিধিঃ(১)** চূড়ান্ত বাছাই কমিটি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/দপ্তর হইতে প্রাপ্ত মতামত/ অনাপত্তি/ তথ্যাদির ভিত্তিতে সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) নির্বাচনের লক্ষ্যে আবেদনকারীগণের চূড়ান্ত তালিকার খসড়া প্রণয়ন করিবে।

(২) চূড়ান্ত বাছাই কমিটি কর্তৃক প্রণীত তালিকা মন্ত্রিপরিষদ বিভাগের বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (সিআইপি) নির্বাচন কমিটির সুপারিশ গ্রহণের লক্ষ্যে প্রেরণ করিবে।

(৩) মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশসহ সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) নির্বাচনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন গ্রহণ করিবে।

(৪) অতঃপর নির্বাচিত সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) গণের নামের তালিকার প্রজ্ঞাপন জারি করিতে হইবে।

**৯। সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) নির্বাচন ক্যালেন্ডার।**—নিম্নবর্ণিত ক্যালেন্ডার মোতাবেক প্রতিবছর সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করা হইবে ঃ

| ক্র: নং | কার্যক্রমের বিবরণ | সময়সূচি |
|---|---|---|
| ০১ | বিজ্ঞপ্তি প্রচার, দরখাস্ত আহবান ও গ্রহণ | ০১ জানুয়ারি-২৮ ফেব্রুয়ারি |
| ০২ | প্রাথমিক বাছাই কমিটি কর্তৃক বাছাই প্রক্রিয়া সম্পন্নকরণ | ০১-৩১ মার্চ |
| ০৩ | প্রাথমিকভাবে বাছাইকৃত তালিকাভুক্ত আবেদনকারী সম্পর্কে অনাপত্তি/মতামতের জন্য জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, বাণিজ্য মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড এবং জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের কর্মসংস্থান অনুবিভাগ এবং মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগের নিকট প্রেরণ | ০১-১০ এপ্রিল |
| ০৪ | জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, বাণিজ্য মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড, এবং জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের কর্মসংস্থান অনুবিভাগ এবং মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগ হইতে অনাপত্তি/ মতামত প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণ | ১১ এপ্রিল- ৩০ জুলাই |
| ০৫ | চূড়ান্ত বাছাই কমিটি কর্তৃক বাছাই প্রক্রিয়া সম্পন্নকরণ এবং সুপারিশ গ্রহণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | ১-৩০ আগস্ট |
| ০৬ | মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশ গ্রহণ | ০১-১৫ সেপ্টেম্বর |
| ০৭ | সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) নির্বাচনে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন গ্রহণ | ১৫ -৩০ সেপ্টেম্বর |
| ০৮ | নির্বাচিত সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) তালিকার প্রজ্ঞাপন জারিকরণ | ০১-১৫ অক্টোবর |

**১০। নির্বাচিত সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) এর তালিকার প্রজ্ঞাপন প্রকাশ ও মেয়াদ।**—(১) সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) এর তালিকা প্রজ্ঞাপন জারির মাধ্যমে প্রকাশ করা হইবে।

(২) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় নির্বাচিত সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) এর অনুকূলে কার্ড ইস্যু করিবে।

(৩) নির্বাচিত সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) কে প্রদত্ত সুযোগ-সুবিধার মেয়াদ প্রজ্ঞাপন জারির তারিখ হইতে ০১ (এক) বৎসরের জন্য কার্যকর থাকিবে। সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) কার্ডের মেয়াদ উত্তীর্ণ হইবার পর উহা এক সপ্তাহের মধ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে জমা দিতে হইবে।

**১১। নির্বাচিত সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) এর প্রাপ্য সুযোগ-সুবিধা।—(১) নির্বাচিত সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান)—**

(অ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় হইতে সরকার অনুমোদিত পরিচয়পত্র পাইবেন।

(আ) পরিচয়পত্রের মেয়াদকালীন সময়ে বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের জন্য প্রবেশপত্র পাইবেন।

(ই) মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিষয়ক নীতি নির্ধারণী কমিটিতে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হইবার ক্ষেত্রে যোগ্য বলিয়া বিবেচিত হইতে পারিবেন।

(ঈ) বিজয় দিবস, স্বাধীনতা ও জাতীয় দিবস, ঈদ-উল-ফিতর, ঈদ-উল-আযহা, শহীদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী, মে দিবস, জাতীয় শোক দিবস, আন্তর্জাতিক অভিবাসী দিবসসহ গুরুত্বপূর্ণ জাতীয় এবং আন্তর্জাতিক দিবস উপলক্ষে জাতীয় অনুষ্ঠান, সিটি কর্পোরেশন কর্তৃক আয়োজিত নাগরিক সংবর্ধনা এবং বিদেশে অবস্থান করলে দূতাবাস কর্তৃক আয়োজিত এইরূপ অনুষ্ঠানে আমন্ত্রণ পাইবেন।

(উ) বিমান, রেল, সড়ক ও জলযানে আসন সংরক্ষণে অগ্রাধিকার পাইবেন।

(ঊ) তাঁহার স্ত্রী, পুত্র, কন্যা ও নিজের চিকিৎসার জন্য সরকারি হাসপাতালে কেবিন সুবিধা প্রাপ্তিতে অগ্রাধিকার পাইবেন।

(ঋ) বিমান বন্দরে ভিআইপি লাউঞ্জ-২ ব্যবহার এবং স্পেশাল হ্যান্ডলিং এর সুবিধা পাইবেন।

**তবে, শর্ত থাকে যে,** সরকার সরকারি গেজেটে প্রজ্ঞাপন জারির মাধ্যমে, কোন কারণ প্রদর্শন ব্যতীত, কোন নির্বাচিত সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) কে প্রদত্ত সুযোগ-সুবিধা প্রত্যাহার করিতে পারিবে।

**১২। সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) নির্বাচন সংক্রান্ত অধিকার সংরক্ষণ।**—সরকার সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) নির্বাচন সংক্রান্ত সকল অধিকার সংরক্ষণ করিবে। কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে সরকার, যে কোন সময়ে এবং পর্যায়ে সিআইপি (বৈদেশিক কর্মসংস্থান) নির্বাচন সংক্রান্ত কার্যক্রম স্থগিত অথবা বাতিল করিতে পারিবে। সরকারের উক্তরূপ কার্যক্রমের জন্য কোন ব্যক্তি অথবা প্রতিষ্ঠান সরকারের বিরুদ্ধে আদালতের আশ্রয় গ্রহণ করিতে পারিবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সারওয়ার আলম**
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd